

## সাংকেতিক মুদ্রা “বিটকয়েন”

মাহাবুবুর রহমান (রিমন) { ০২/০২/২০১৮ }

বিটকয়েন হলো ওপেন সোর্স ক্রিপ্টোগ্রাফিক প্রোটোকলের মাধ্যমে লেনদেন হওয়া সাংকেতিক মুদ্রা। বিটকয়েন লেনদেনের জন্য কোন ধরনের আর্থিক প্রতিষ্ঠান বা নিকাশ ঘরের প্রয়োজন হয় না। ২০০৮ অথবা ২০০৯ সালে সাতোশি নাকামোতো এই মুদ্রাব্যস্থার প্রচলন করেন। এই মুদ্রাব্যস্থাকে পিয়ার টু পিয়ার লেনদেন বলা হয়ে থাকে।

বিটকয়েনের লেনদেনটি বিটকয়েন মাইনার নামে একটি সার্ভার কর্তৃক সুরক্ষিত থাকে। বিটকয়েন মাইনার এর মাধ্যমে যে কেউ বিটকয়েন উৎপন্ন করতে পারে। বিটকয়েনের সমস্ত প্রক্রিয়া সম্পন্ন হয় একটি অনলাইন ওপেন সোর্স সফটওয়্যার এর মাধ্যমে। কিন্তু প্রচলিত পদ্ধতিতে বিটকয়েনের সরবারহ সিমীত, এই কারণে বিটকয়েন কে স্বর্নের সাথে তুলনা করা হয়ে থাকে।

যেহেতু বিটকয়েন লেনদেনের জন্য কোন রকমের আর্থিক প্রতিষ্ঠান বা নিকাশ ঘরের প্রয়োজন হয় না এই কারণে এর লেনদেনের গতিবিধি কোন ভাবেই অনুসরণ করা যায় না। সাম্প্রতিক সময়ে বিটকয়েন আলোচনায় আসার মূল কারণ হলো মূল্যস্ফীতি। বিটকয়েন এ যারা বিনিয়োগ করেছিল তাদের সম্পদ বেড়েছে কয়েকশত গুন। বিটকয়েন জনপ্রিয় হবার অন্যতম কারণ হলো নিজের পরিচয় প্রকাশ না করেই এখানে লেনদেন করা যায়, অন্যদিকে লেনদেনের ব্যয় খুব কম হয়ে থাকে।

বৈধ কাজে বিটকয়েনের লেনদেন ছাড়াও বিভিন্ন রকম অবৈধ কাজে বিটকয়েনের ব্যবহার করা হয়ে থাকে।

বাংলাদেশ সহ এখনো অনেক দেশে বিটকয়েন স্বীকৃতি না পেয়েও থাকলেও ডিজিটাল ওয়ার্ল্ড ২০১৭ সম্মেলনের এক সেমিনারে বাংলাদেশ ব্যাংক এর ডেপুটি গভর্নর এস , কে , সুর চৌধুরী বলেছেন যে আগামী বছরের জুনের মধ্য অর্থাৎ (জুন ২০১৮ ইং) বাংলাদেশ ব্যাংক এবং সরকারি ও বেসরকারি সংস্থার সমন্বয়ে কমিটি গঠন করা হবে। এই কমিটির কাজ হবে বাংলাদেশে কিভাবে দ্রুত ডিজিটাল মুদ্রার প্রচলন করা যায় তা খতিয়ে দেখা।

বিটকয়েন সাফল্যের পর অনেক সাংকেতিক মুদ্রা চালু হয়, কিন্তু বিটকয়েনের মতো অন্য কোন সাংকেতিক মুদ্রা সফলতা পায় নাই। তবে এ থেকে ভার্সিয়াল মুদ্রানির্ভর ভবিষ্যৎ আর্থিক ব্যবস্থার ইঙ্গিত পাওয়া যায়।

তবে বাংলাদেশ ব্যাংক এখনো ভার্সিয়াল মুদ্রা বিটকয়েনকে স্বীকৃতি দেয় নাই কাজেই এই মুদ্রার মাধ্যমে লেনদেন করা থেকে দূরে থাকা আমাদের সকলের জন্যেই মঙ্গলজনক হবে।

তথ্য ও প্রযুক্তি বিষয়ক লেখক ও কলামিস্ট, এবং  
ইন্টারনেট এবং কম্পিউটারে বাংলা ভাষা ব্যবহারে উৎসাহ প্রদানকারী ##  
মাহাবুবুর রহমান (রিমন)  
email : [mrahman0985@gmail.com](mailto:mrahman0985@gmail.com)  
web : [www.mrahman.info](http://www.mrahman.info)